

**ছাত্রদল অবিলম্বে  
উপাচার্যের পদত্যাগ  
দাবী করেছে**  
(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)  
জাতীয়তাবাদী ছাত্রদল অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ এবং কয়েকটি দুর্নীতি ও অনিয়মের অভিযোগ (শেষ পৃষ্ঠা-এর কলাম দেখুন)

**উপাচার্যের পদত্যাগ দাবী**  
(১ম পাতার পর)  
সম্পর্কে কতৃপক্ষের ব্যাখ্যা দাবী করেছে।  
এই দাবীতে ছাত্রদলের উদ্যোগে গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত ছাত্রসভা শেষে কতৃপক্ষের বরাবরে স্মারকলিপি পেশ করা হয়। উপাচার্যের দপ্তরে এই স্মারকলিপি জমা দেয়া হয়।  
কলাভবন প্রাঙ্গণে আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্রসভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আমানুল্লাহ আমান, ফজলুল হক মিলন, নাজিম উদ্দিন আলম ও মোশাররফ আহমেদ ঠাকুর।  
স্মারকলিপিতে ১১টি দুর্নীতি ও অনিয়মের কথা উল্লেখ করে আগামী ১২ই সেপ্টেম্বরের মধ্যে এ ব্যাপারে কতৃপক্ষের ব্যাখ্যা দাবী করে বলা হয়, এগবের প্রতিকারের জন্য অবিলম্বে একটি বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা প্রয়োজন হয়ে পড়েছে। স্মারকলিপিতে উপাচার্যের পদত্যাগও দাবী করা হয়।

137